গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪৪১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
E-mail: dgdncbd@gmail.com Website: www.dnc.gov.bd

নং-৪৪.০৪.০০০০.০০৮.০৬.০০২.১৪/ ৭৭৯৭ তারিখ : ২২।০৫।১৬

বিষয় ঃ জানুয়ারী/২০১৫ হতে ডিসেম্বর/২০১৫ পর্যন্ত সময়ের মাদকবিরোধী কার্যক্রমের প্রমাণাদিসহ তথ্য (হার্ড ও সফট কপি) প্রেরণ প্রসংগে।

সূত্র ঃ মাদকবিরোধী বিভিন্ন কার্যক্রমে এনজিওদের অবদান মূল্যায়ন সংক্রান্ত উপ-কমিটির ১৯/০৫/২০১৬ তারিখের সভার সিদ্ধান্ত ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আর্ন্তজাতিক দিবস ২৬ জুন, ২০১৬ উদযাপন উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিবন্ধিত এনজিও এবং মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সমূহের ২০১৫ সালের মাদকবিরোধী কর্মকান্ডের মূল্যায়নক্রমে নিম্নোক্ত ২ টি ক্যাটাগরির প্রতিটি ক্ষেত্রে ১ম, ২য় এবং ৩য় স্থান অধিকারীদের মধ্যে পুরস্কার এবং সনদপত্র প্রদান করা হবে।

মাদকবিরোধী কার্যক্রমের ক্ষেত্রসমূহ নিম্নরূপঃ

(ক) মাদকবিরোধী কর্মকান্ডে নিয়োজিত এনজিওদের ২০১৫ সনে মাদকবিরোধী গনসচেতনতামূলক কার্যক্রম যথাঃ মাদকবিরোধী সভা, সেমিনার, মানববন্ধন, র‍্যালি, পোষ্টার, স্টীকার, প্রকাশনা ইত্যাদির তথ্য প্রমাণাদি ছবিসহ (হার্ড ও সফট কপি) ।

(খ) মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের চিকিৎসা ও পুনর্বাসন ক্ষেত্রে ২০১৫ সালে গৃহীত কার্যক্রম যথাঃ নিরাময় কেন্দ্রের ভৌত সুবিধা, চিকিৎসক, মনোচিকিৎসক ও অন্যান্য কর্মচারীর তালিকা, নিরাময় কেন্দ্রের পরিবেশ, চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা, মানসিক বিনোদনের জন্য সুবিধাদি ইত্যাদির তথ্য প্রমাণাদি ছবিসহ (হার্ড ও সফট কপি)।

২। এমতাবস্থায়, উপরিল্লিখিত ০২ টি ক্যাটাগরিতে মূল্যায়নের জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিবন্ধিত এনজিও এবং মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের বিগত এক বছরের অর্থাৎ ২০১৫ সনের মাদকবিরোধী কার্যক্রমে সংশ্লিষ্ট ক্ষেত্রে অবদান এবং মাদকাসক্তি চিকিৎসা সংক্রান্ত তথ্য প্রমাণাদি (হার্ড ও সফট কপি) আগামী ০৯/০৬/২০১৬ তারিখের মধ্যে উপ-কমিটির সভাপতি, পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

২২/৫/১৬

(মোঃ মফিদুল ইসলাম)
পরিচালক(চিকিৎসা ও পুনর্বাসন)
ও
আহ্বায়ক
মাদকবিরোধী কর্মকান্ডে এনজিওদের
কার্যক্রম মূল্যায়ন উপ-কমিটি

বরাবর,

....

....

....

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা ।
২। সিষ্টেম এনালিষ্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা । পত্রটি অত্র অধিদপ্তরের ওয়েব সাইটে দেয়ার ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো।
৩। মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী। মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

K/26 June,16-8

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪৪১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
E-mail: dgdncbd@gmail.com Website: www.dnc.gov.bd

নং-৪৪.০৪.০০০০.০০৮.০১৮.০০২.১৪/ ৭৭৩৭ তারিখ : ২২/০৫/১৬

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আর্ন্তজাতিক দিবস ২৬ জুন/২০১৬ উদযাপন উপলক্ষে মাদক বিরোধী কর্মকান্ডে এনজিওদের কার্যক্রম মূল্যায়ন সংক্রান্ত উপ কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ মফিদুল ইসলাম
পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।

সভার তারিখ ও সময় ঃ ১৯/০৫/২০১৬, সময়ঃ বেলা ০৩.০০ ঘটিকা।

সভার স্থান ঃ পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) এর অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের তালিকা নিম্নরুপ :

১) জনাব মোঃ রবিউল ইসলাম, উপ-পরিচালক (নিশি), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা ।

২) মোহাম্মদ হাবিব তৌহিদ ইমাম, সহকারী পরিচালক(অর্থ ও হিসাব), সদস্য সচিব মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।

৩) জনাব মোঃ মাহমুদুর রহমান খোন্দকার, সহকারী পরিচালক (চিঃপুঃ), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা ।

৪) জনাব উর্মি দে, সহকারী পরিচালক (বোর্ড), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা ।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন যে, ২৬ জুন উদযাপন উপলক্ষে মাদকবিরোধী কার্মকান্ডে এনজিওদের কার্যক্রম মূল্যায়নের জন্য গঠিত উপ-কমিটির সভা ২৮/০৪/২০১৫ তারিখে অনুষ্ঠিত হয়েছিল। উক্ত সভার সিদ্ধান্ত সমূহ পুনঃ পর্যালোচনা করে বিস্তারিত আলোচনার পর নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত সমূহ ঃ

১। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত মাদকবিরোধী কর্মকান্ডে নিয়োজির্ত এনজিওদের কার্যক্রম মূল্যায়ন করা হবে। নিবন্ধিত এনজিও সমুহ ২০১৫ পঞ্জিকা বছরে মাদক বিরোধী যে সমস্ত কার্যক্রম করেছেন যথা, সভা, সেমিনার, মানববন্ধন, র‍্যালি, পোষ্টার, স্টীকার, ফেস্টুন, প্রকাশনা, বই ইত্যাদি পর্যালোচনা করে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের পুরষ্কার ও সনদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। মাদকাসক্তদের চিকিৎসা ও পুনর্বাসন ক্ষেত্রে যে সমস্ত নিবন্ধিত বেসরকারি প্রতিষ্ঠান কার্যক্রম পরিচালনা করছেন তাদের কার্যক্রম মূল্যায়ন করা হবে। চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রে ২০১৫ সালে যে সমস্ত মাদকাসক্ত রোগীর চিকিৎসা দেয়া হয়েছে তার তথ্য, নিরাময় কেন্দ্রের আয়তন ও ভৌত সুবিধা, চিকিৎসক, মনোচিকিৎসক, কাউন্সেলর, অন্যান্য কর্মচারির সংখ্যা, নিরাময় কেন্দ্রের পরিবেশ, চিকিৎসার মান, নিরাময় কেন্দ্রে জীবনরক্ষাকারী উপকরনাদি ও অত্যাবশ্যক ঔষধ পত্রাদির সুবিধা, মানসিক বিনোদনের জন্য অভ্যন্তরীন খেলাধুলাসহ অন্যান্য ব্যবস্থা ইত্যাদি পর্যালোচনা করে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীকে পুরস্কার ও সনদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় ।

৩। মাদকবিরোধী কর্মকান্ডে নিয়োজিত এনজিওদের ২০১৫ সনে মাদকবিরোধী গনসচেতনতামূলক কার্যক্রমের তথ্য প্রমাণাদি ছবিসহ (হার্ড ও সফট কপি) আগামী ৯/৬/২০১৬ তারিখের মধ্যে উপ-কমিটির সভাপতি, পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) বরাবর আগামী ০৯/০৬/২০১৬ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

৪। মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সমূহের চিকিৎসা ও পুনর্বাসন ক্ষেত্রে ২০১৫ সালে গৃহীত কার্যক্রমের তথ্য প্রমাণাদি ছবিসহ (হার্ড ও সফট কপি) উপ-কমিটির সভাপতি, পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) বরাবর আগামী ০৯/০৬/২০১৫ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

৫। মাদকবিরোধী গণসচেতনতামূলক কর্মকান্ডে নিয়োজিত এনজিওদের কার্যক্রম মূল্যায়ন এবং মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রসমূহের কার্যক্রম মূল্যায়ন যথাযথ প্রক্রিয়ায় সম্পাদন করা হবে।

৬। মাদকবিরোধী গণসচেতনতা এবং মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কাজে নিয়োজিত বেসরকারি প্রতিষ্ঠান সমূহের কার্যক্রমের তথ্য প্রমাণাদি চেয়ে প্রতিষ্ঠান সমূহে পত্র প্রেরণ করতে হবে, ওয়েবসাইট-এ প্রকাশ করতে হবে এবং পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।

৭। মাদকবিরোধী কর্মকান্ডে এনজিওদের কার্যক্রম এবং মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সমূহের তথ্য প্রমাণাদি প্রাপ্তির পর উপ-কমিটি পুনরায় সভায় মিলিত হয়ে তাদের কার্যক্রম মূল্যায়ন করবে। প্রয়োজনে উপ-কমিটি বিশেষজ্ঞের সহায়তা গ্রহন করবে।

৮। পুরুষ্কার প্রাপ্ত এনজিও ও বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমুহের জন্য ক্রেস্ট ও সনদ প্রস্তুত ও সরবরাহের দায়িত্বে থাকবেন সহকারি পরিচালক (উত্তর) এবং সহকারি পরিচালক (দক্ষিণ), ঢাকা মেট্রো উপ-অঞ্চল।

সভায় আর কোন বিষয় আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

২২/৬/১৬

(মোঃ মফিদুল ইসলাম)
পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
ও
আহবায়ক

(বিতরণ)ঃ

১। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা ।
২। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঢাকা
৩। সিষ্টেম এনালিষ্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
সভার কার্যবিবরনী ওয়েবসাইট-এ প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৪। উপ পরিচালক (নিশি), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয় ।
৫। জনাব এবিএম কামরুল হাসান, প্রোগ্রাম কো-অর্ডিনেটর, ইউএনওডিসি, আইডিবি ভবন, ঢাক।
৬। সহকারী পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন/বোর্ড/অর্থ ও হিসাব/ ঢাকা মেট্রো উপ-অঞ্চল (উত্তর/দক্ষিণ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৭। মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী। মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।